

B.A. 6<sup>th</sup> Semester (Honours) Examination 2022

বাংলা

Course Title : সাম্প্রতিক বাংলা সাহিত্য

Course ID : 60112

Course Code : AHBNG-602-C-14

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

- ১। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০
- ক) 'নীলময়ূরের যৌবন' উপন্যাসে চর্যাপদের সমাজচিত্র গভীরভাবে বর্ণিত হয়েছে এমন দুটি উদ্ধৃতির উল্লেখ করো।
- খ) "তার মনে পড়িল অনেক কথা" – কার কি কথা মনে পড়িল?
- গ) "ডাস্টবিনের দুই পাশে দুটি প্রাণী নিষ্পন্দ নিশ্চল" – 'দুটি প্রাণী'র পরিচয় দাও।
- ঘ) "একটি তুলসী গাছের কাহিনী" গল্পটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়? এটি কোন গল্পগ্রন্থের অন্তর্গত?
- ঙ) একুশ শতকের যে কোনো দুটি বাংলা কবিতার নাম কবির নাম সহ উল্লেখ করো।
- চ) "নাথবতী অনাথবৎ" নাটকটি কত সালে রচিত? এটি প্রথম কত খ্রিস্টাব্দে অভিনীত হয়?
- জ) "হাংরি জেনারেশন" আন্দোলনের স্রষ্টা কে? এই আন্দোলনের বিষয়বস্তু কি ছিল?
- ২। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০
- ক) নারীবাদী সমালোচনা তত্ত্বের আলোকে 'নাথবতী অনাথবৎ' নাটকটির গুরুত্ব আলোচনা করো।
- খ) সেলিনা হোসেনের "নীলময়ূরের যৌবন" উপন্যাসে কাহ্নপদের চরিত্রটি বিশ্লেষণ করো।
- গ) "মুমূর্ষ ময়না পাখি, বিবর্ণ তীলসী গাছ এবং মানুষের অস্থির জীবন যেন এক সূত্রে গাঁথা" – মন্তব্যটি 'একটি তুলসী গাছের কাহিনী'র আলোকে বিশ্লেষণ করো।
- ঘ) একুশ শতকের বাংলা কবিতার প্রকরণের বিশেষত্ব কোথায় তা সংক্ষেপে বুঝিয়ে দাও।
- ৩। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- ক) 'নাথবতী অনাথবৎ' নাটকটির নামকরণের সার্থকতা আলোচনা করো।
- খ) সেলিনা হোসেনের লেখা "নীলময়ূরের যৌবন" উপন্যাসটিকে চর্যাপদের নববিন্যাস বলা যায় কিনা আলোচনা করো।
- গ) 'শ্রুতি আন্দোলন' বলতে কী বোঝো? বাংলা কবিতা আন্দোলনে এই আন্দোলনের স্বরূপ বিশ্লেষণ করো।
- ঘ) 'আদাব' গল্পে মাঝি ও সুতা মুজুর চরিত্র দুটি চিত্রনের মধ্য দিয়ে লেখকের দৃষ্টি বিরোধী সাম্প্রদায়িক সম্প্রীতিপূর্ণ মনোভাবটি উজ্জ্বল রূপে প্রকাশিত হয়েছে – এ বিষয়ে তোমার যুক্তিপূর্ণ অভিমত জানাও।